



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১০৪/২২

তারিখঃ ২৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ  
১১ মে ২০২২ খ্রিস্টাব্দ


### প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসারুল্লাহ বাংলা টিম” এর একজন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদ ও নিজস্ব নজরদারীর ভিত্তিতে ১০ মে ২০২২ খ্রি. ১৫.২০ ঘটিকার সময় অভিযান পরিচালনা করে গাজীপুর জেলার শ্রীপুর থানাধীন জৈনা বাজার এলাকার মেসার্স সোয়াদ এন্টারপ্রাইজ এর সামনে থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন ‘আনসারুল্লাহ বাংলা টিম’ এর একজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম- মো: আব্দুল্লাহ মনির ইসলাম (২৬), পিতা- মো: শফিকুল ইসলাম, মাতা- শামসুল্লাহার, গ্রাম- মন্ডল সেন, থানা- মুজাগাছা, জেলা- ময়মনসিংহ। গ্রেফতারকৃত আসামী পেশায় ইলেক্ট্রিশিয়ান। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০১ টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন ও ০২ টি সীম কার্ড জব্দ করেছে।

গ্রেফতারকৃত মো: আব্দুল্লাহ মনির ইসলাম, ২০২০ সাল থেকে ‘আনসারুল্লাহ বাংলা টিম’ এর উগ্রবাদী মতাদর্শ প্রচার প্রচারণা চালিয়ে আসছিল। ধৃত আসামী অনলাইনে তার সহযোগী অন্যান্য আইডির সাথে যোগাযোগের মাধ্যমে এবিটি’র মতবাদ প্রচারের জন্য বিভিন্ন ধরনের বই ও প্রচারপত্র তৈরী করত এবং রাষ্ট্রবিরোধী পরিকল্পনা করে আসছিল। সে তার ফেসবুক আইডি, ফেসবুক পেজ ও ফেসবুক গ্রুপের মাধ্যমে বাংলাদেশ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্র, হত্যা, জনমনে ত্রাস, ভীতি ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা, প্রশিক্ষণ ও অস্ত্র সংগ্রহের চেষ্টা করে আসছিল। আসামী ও তার অন্যান্য সহযোগীগণ নিজেদের মধ্যে বিভিন্ন এ্যানক্রিপ্টেড অ্যাপ ব্যবহার করে যোগাযোগ রক্ষা করত। সে বিভিন্ন ইউটিউব চ্যানেল থেকে কন্টেন্ট ডাউনলোড করে নিজে বাংলায় কন্টেন্ট দিয়ে ‘আনসারুল্লাহ বাংলা টিম’ এর মতাদর্শ প্রচার ও জিহাদে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে এডিটেড ভিডিও কন্টেন্ট তার ফেসবুক আইডি, ফেসবুক পেইজ ও চ্যাট গ্রুপে শেয়ার করত। তার ব্যবহৃত মোবাইল ফোনে বাংলাদেশ সরকার বিরোধী ষড়যন্ত্র সংক্রান্তে বিভিন্ন লিংক পাওয়া গিয়েছে এবং এর মধ্যে তথাকথিত খেলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে সশস্ত্র জিহাদের উস্কানিমূলক বিস্তারিত আলোচনা রয়েছে।

গ্রেফতারকৃত মো: আব্দুল্লাহ মনির ইসলাম নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্য পদ গ্রহণ ও সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে শ্রীপুর থানার মামলা নং- ১১, তারিখ- ১০/০৫/২০২২ খ্রি. সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯(৩)/১০/১৩ ধারা রুজু করা হয়েছে।



১১/০৫/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)